

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
পরিকল্পনা ও উন্নয়ন শাখা

শিক্ষা নিয়ে গড়ব  
দেশ, শেখ হাসিনার  
বাংলাদেশ

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	এ.বি.এম জাকির হোসাইন ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	২৬ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ।
সভার সময়	দুপুর ১২:০০ ঘটিকা।
স্থান	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সভা কক্ষ (কক্ষ নং-২১৫), ধানমন্ডি, ঢাকা ১২০৯।
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও নতুন বছর ২০১৯ এর শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ নৈতিকতা কমিটির বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন।

ক্র.	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	<b>বিগত সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ:</b> সদস্য-সচিব জানান যে, গত ২২ অক্টোবর, ২০১৮খ্রি, তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা যেতে পারে।	গত ২২ অক্টোবর, ২০১৮ খ্রি, তারিখের সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় উপস্থিত সদস্যগণ তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

<p>২.২</p>	<p><b>প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা:</b></p> <p>ক) সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালা অনুযায়ী দেশের সকল সরকারি ও অন্যান্য সংস্থার কর্মকর্তা-কর্মচারীকে বছরে ৬০ ঘন্টা প্রশিক্ষণ এবং প্রশিক্ষণ বাস্তবায়ন প্রতিবেদন মাসিক প্রদানের বিধান রয়েছে। উক্ত নীতিমালার আলোকে ট্রাস্ট কর্তৃক প্রতি মাসে প্রশিক্ষণ সম্পন্ন করে প্রশিক্ষণ বাস্তবায়ন প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় নিয়মিতভাবে প্রেরণ করা যেতে পারে।</p> <p>খ) পরিচালক (যুগ্ম-সচিব) জানান, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটি এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভা নিয়মিতভাবে অনুষ্ঠিত হচ্ছে। এ ধারাবাহিকতায় ট্রাস্ট এর উন্নয়ন কার্যক্রমসহ সকল প্রকার কার্যক্রম পরিচালিত হচ্ছে।</p>	<p>ক) জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালার আলোকে প্রতি মাসে সুবিধাজনক সময়ে প্রশিক্ষণ সম্পন্ন করে প্রশিক্ষণ বাস্তবায়ন প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।</p> <p>খ) প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর কার্যক্রম পরিস্ফুটিতভাবে সম্পাদনের লক্ষ্যে উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটি এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কমিটি'র সভা নিয়মিত অব্যাহত থাকবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।</p>	<p>পরিচালক (যুগ্ম-সচিব)</p> <p>এবং</p> <p>সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)</p>
<p>২.৩</p>	<p><b>বিবিধ:</b></p> <p>সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব সভাকে আরো অবহিত করেন যে, প্রতিষ্ঠানে সিটিজেন চার্টার ও স্বচ্ছ অভিযোগ বক্স স্থাপন করা প্রয়োজন।</p> <p>সভাপতি সভাকে বলেন যে, নৈতিকতা কমিটির সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে ট্রাস্ট এর সকল কর্মকর্তা-কর্মচারীকে কাজের প্রতি আন্তরিক হয়ে কাজ করতে হবে এবং যথাযথভাবে দায়িত্ব-কর্তব্য পালনের জন্য সঠিক সময়ে কর্মস্থলে আসা-যাওয়ার প্রতি দৃষ্টি রাখতে হবে। নৈতিকতা বিরোধী কাজ যেন কোন অবস্থাতেই না হয় তার প্রতি সকলকে সুদৃষ্টি রাখতে হবে।</p>	<p>প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট দপ্তরে সিটিজেন চার্টার ও স্বচ্ছ অভিযোগ বক্স স্থাপন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।</p>	<p>সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)</p>

৩.০ সভাপতি বিগত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন। কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিতির জন্য পুনরায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



এ.বি.এম জাকির হোসাইন  
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৪.৪১.০০১.১৮.১৮

তারিখ: ১৩ পৌষ ১৪২৫  
২৭ ডিসেম্বর ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) পরিচালক, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৩) উপসচিব, বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৫) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৬) সহকারী পরিচালক, প্রশাসন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৭) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৮) সহকারী প্রোগ্রামার, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৯) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ১০) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ১১) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ১২) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ১৩) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ১৪) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ১৫) ডাটা এন্ট্রি অপারেটর, প্রশাসন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ১৬) ডাটা এন্ট্রি অপারেটর, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট



মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ  
সহকারী পরিচালক